
# ডুয়েটে ইঞ্জিনিয়ারিং ও আর্কিটেকচার ভর্তি পরীক্ষা রবিবার

**নিজস্ব প্রতিবেদক, গাজীপুর**

প্রকাশ: ৩১ জুলাই, ২০২৬ ১৯:০৪




সংগৃহীত ছবি

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (ডুয়েট) ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের বিএসসি ইঞ্জিনিয়ারিং ও ব্যাচেলর অব আর্কিটেকচার প্রোগ্রামের ভর্তি পরীক্ষা

রবিবার (২ আগস্ট) অনুষ্ঠিত হবে। শুক্রবার (৩১ জুলাই) বিশ্ববিদ্যালয়ের পাবলিকেশন কাম ইনফরমেশন অফিসার মো. রায়হান হোসেন এক প্রেস বিজ্ঞপ্তিতে এতথ্য জানান।

গাজীপুরে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাসে রবিবার সকাল সাড়ে ৯টা থেকে প্রথম শিফটে সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ, ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং বিভাগ, ম্যাটেরিয়ালস অ্যান্ড মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

একই দিন দুপুর ২টা থেকে দ্বিতীয় শিফটে ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগ, আর্কিটেকচার বিভাগ, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ এবং ফুড ইঞ্জিনিয়ারিং বিভাগের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ভর্তি বিষয়ে যেকোনো তথ্য **http://admission.duetbd.org** ওয়েবসাইটে পাওয়া যাবে।